

উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ (UCLMC) প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব শাকিলা বিনতে মতিন
 উপজেলা নির্বাহী অফিসার, মির্জাপুর, টাঙ্গাইল।
 সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।
 সভার তারিখ : ২৭ ডিসেম্বর, ২০২৩ খ্রি:
 সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিতি : সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সদস্য সচিব অত্র কমিটির সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। শিশুশ্রমের প্রেক্ষাপট, জাতীয় শিশুশ্রম নিরসন নীতি, ২০১০, শিশুশ্রম নিরসন সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনা, বাংলাদেশ শ্রম আইন, ২০০৬, আন্তর্জাতিক সংস্থার উদ্যোগ, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা, সরকারের উন্নয়ন পরিকল্পনা প্রভৃতির আলোকে শিশুশ্রম নিরসন সংক্রান্ত বিষয়াদি পাওয়ার পয়েন্টে উপস্থাপনার মাধ্যমে সদস্য সচিব আলোচনার সূত্রপাত করেন। শিল্প বিপ্লবের শুরু থেকে শিশুকে শ্রমে নিয়োজিত করার প্রেক্ষাপট, ধরন এবং বিভিন্ন বিধি-বিধানে শিশুর বয়স নির্ধারণ বিষয়ক তথ্য নির্ভর বক্তব্য উপস্থাপন করা হয়। সভায় কমিটির সদস্যগণ শিশুশ্রম নিরসনের বিষয়ে গুরুত্বপূর্ণ মতামত ব্যক্ত করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	শিশুশ্রম নিরসন নীতি সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনা বাস্তবায়ন: জাতীয় শিশুশ্রম নিরসন নীতি, ২০১০ এবং শিশুশ্রম নিরসন সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা করা হয়। আলোচনায় জানানো হয় যে, মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়া এবং SDG এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ২০২১ সালের মধ্যে ঝুঁকিপূর্ণ সেক্টর হতে এবং ২০২৫ সালের মধ্যে সকল সেক্টর হতে শিশুশ্রম নিরসন করতে হবে। শিশুশ্রম মুক্ত বাংলাদেশ বিনির্মাণে জাতীয় শিশুশ্রম নিরসন নীতির আলোকে প্রণীত জাতীয় কর্মপরিকল্পনা বাস্তবায়নে সরকার বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। ২০২১ সালের মধ্যে ঝুঁকিপূর্ণ সেক্টর হতে এবং ২০২৫ সালের মধ্যে সকল সেক্টর হতে শিশুশ্রম নিরসন করে শিশুশ্রম মুক্ত দেশ গঠনে আমাদের সকলকে একসাথে কাজ করতে হবে বলে সভায় আশাবাদ ব্যক্ত করা হয়।	২০২১ সালের মধ্যে ঝুঁকিপূর্ণ সেক্টর হতে এবং ২০২৫ সালের মধ্যে সকল সেক্টর হতে শিশুশ্রম নিরসন করে শিশুশ্রম মুক্ত বাংলাদেশ বিনির্মাণে আমাদের সকলকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে।	উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি (UCLMC)
১১.	বিবিধ: ক. পুলিশের সহযোগিতা কামনা: মির্জাপুর উপজেলায় গণ পরিবহনসমূহে (যেমন- ইজিবাইক, লেগুনা, বাস, ট্রাক ইত্যাদিতে) কিছু সংখ্যক শিশুকে কর্মরত দেখা যায়, যা অত্যন্ত ঝুঁকিপূর্ণ কাজ। এসব ঝুঁকিপূর্ণ কাজ হতে শিশুশ্রম নিরসনে পুলিশের সহযোগিতা কামনা করা হয়।	গণ পরিবহনে (যেমন- ইজিবাইক, লেগুনা, বাস, ট্রাক ইত্যাদিতে) ঝুঁকিপূর্ণ কাজে অপ্রাপ্ত বয়স্কদের যাতে নিয়োজিত করা না হয় এবং কর্মরত শিশুশ্রম নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ভারপ্রাপ্ত কর্মকর্তা, মির্জাপুর থানা, মির্জাপুর, টাঙ্গাইল।
	খ. শ্রমিক সংগঠনের সহায়তা কামনা: শিশুশ্রমিক কর্মরত দেখা যায় এমন সেক্টর যেমন- ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ, অটোমোবাইল ও মটর সাইকেল মেরামত ওয়ার্কসপ, বেকারী, হোটেল রেস্টোরা, দোকান প্রতিষ্ঠানসমূহে শিশুকে নিয়োগ না করার জন্য সংশ্লিষ্ট সেক্টরের শ্রমিক সংগঠন অভিভাবক ও মালিকগণকে উদ্বুদ্ধকরণ এবং শিশুশ্রম নিরসনে সহযোগিতা করার অনুরোধ জানানো হয়।	ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ, মটর সাইকেল মেরামত ওয়ার্কসপ, বেকারী, হোটেল রেস্টোরা, দোকান, প্রতিষ্ঠানসহ সকল সেক্টরে শিশুকে নিয়োগ না করার জন্য সংশ্লিষ্ট সেক্টরের শ্রমিক সংগঠন অভিভাবক ও মালিকগণকে উদ্বুদ্ধ করতে হবে।	সভাপতি/সাধারণ সম্পাদক, সংশ্লিষ্ট সেক্টরের শ্রমিক সংগঠন

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

শাকিলা বিনতে মতিন
 উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ প্রতিরোধ কমিটি
 মির্জাপুর, টাঙ্গাইল।

তারিখ: ২৭/১২/২০২৩ খ্রি।

স্মারক নং- ৪০.০১.৯৩০০.০০০.০৬.০০৫.১৯. ৯৯৬

বিতরণ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ২) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাপুর, টাঙ্গাইল।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, মির্জাপুর, টাঙ্গাইল।
- ৪) উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, টাঙ্গাইল।
- ৫) -----
- ৬) অফিস নথি।

সদস্য, উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি, টাঙ্গাইল।

Sharmin
27-12-2023

শারমিন সিদ্দিকা
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
মির্জাপুর, টাঙ্গাইল।